**উপজেলা পরিষদ কার্যালয়**
**কোটচাঁদপুর,ঝিনাইদহ**
**(অধিবেশন নং-০৩/২০২২-২৩)**
**সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি: জনাব মোছাঃ শরিফুন্নেছা (মিকি)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কোটচাঁদপুর, ঝিনাইদহ।
সভাস্থল: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
সভার তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২২। সময়: সকাল- ১০.০০ ঘটিকা।
০২। সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-"ক"

সভার প্রারম্ভে সভাপতি অদ্যকার সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্য আরম্ভ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা অফিসার সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের দৃষ্টি আকর্ষণপূর্বক সভার কার্য শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যবিবরণীতে কোন বিভাগের কোন সংশোধনী থাকলে তা পেশ করার জন্য অনুরোধ জানান। কোন প্রকার সংশোধনী প্রস্তাব না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদে হস্তান্তরিত সকল দপ্তরের বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সভার আলোচনা ও সিদ্ধান্ত

| মন্ত্রণালয়/বিভাগ | অধিদপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কারী |
|---|---|---|---|---|
| জনপ্রশাসন মন্ত্রণালয় | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্সে অবস্থিত উপজেলা নির্বাহী অফিসার কোটচাঁদপুর এর বসবাসের জন্য বরাদ্দকৃত সরকারি বাসভবন অনেক পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় ব্যবহারের অনুপোযোগী হয়ে পড়েছে। উল্লেখ্য যে, উক্ত ভবনের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় যে কোন সময়ে ছাদ ঢসে মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে। এছাড়াও গ্রাউন্ড ফ্লোর সার্বিক ভাবে বসবাসের অনুপোযোগী হয়ে পড়েছে। তিনি আরো জানান যে, কোটচাঁদপুর ছোট উপজেলা হওয়াতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে প্রায় অর্থ বছরে ভবনটি সংস্কারের জন্য অর্থ ব্যয় করা হচ্ছে যা দীর্ঘ মেয়াদে সুফল বয়ে আনছে না। এমতাবস্থায় ভবটি ব্যবহারের উপযোগীতা আছে কিনা তা যাচাই করা যেতে পারে। | ০১.উপজেলা নির্বাহী অফিসার কোটচাঁদপুর, ঝিনাইদহ এর বাসভবন ব্যবহারের উপযোগীতা যাচায়ের জন্য উপজেলা প্রকৌশলীকে আহবায়ক করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন এবং উক্ত কমিটি আগামী মাসিক সাধারণ সভার আগে প্রতিবেদন দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গঠিত কমিটি<br>০১। উপজেলা প্রকৌশলী, কোটচাঁদপুর,ঝিনাইদহ-- আহবায়ক<br>০২। উপজেলা সমাজসেবা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ- -সদস্য<br>০৩। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কোট:, ঝিনাইদহ-- সদস্য | উপজেলা প্রকৌশলীর নেতৃত্বাধীন গঠিত কমিটি |
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | স্বাস্থ্য অধিদপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় কোভিট/১৯ এর টিকা কার্যক্রম চলমান আছে। এছাড়াও বুষ্টার ডোজ প্রদান করা হচ্ছে। এই কার্যক্রমের স্বতস্ফূর্ততা বাড়াতে সকলের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়াও হাসপাতালের অন্যান্য সেবার মান সন্তোষজনক অস্থায় আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ও মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের বিভিন্ন সূচক সভায় উপস্থাপন করেন। এছাড়াও তিনি জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| কৃষি মন্ত্রণালয় | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, আউশ মৌসুমে আবাদের লক্ষমাত্রা ছিল ৬১৫০ হেঃ ইতিমধ্যে শতভাগ কর্তন সম্পন্ন হয়েছে। জুলাই-আগষ্ট মাসে বৃষ্টির পরিমান কম হওয়ার কারণে আমনের আবাদ কিছুটা কম হয়েছে। অত্র উপজেলায় খরিপ-২ মৌসুমে মাসকলাইয়ের প্রনোদনা প্রকল্পের আওতায় বিনা মূল্যে প্রান্তিক চাষীদেরকে সার এবং মাসকলায়ের বীজ বিতরণ করা হবে। এছাড়াও সারের বিষয়ে কঠর ভাবে মনিটরিং করা হচ্ছে কোন অসাধু ব্যবসায়িক অসাধু উপায়ে অধিক মুনাফা যাতে উপার্জন করতে না পারে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় | মৎস্য অধিদপ্তর | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় সভায় জানান যে, কোটচাঁদপুর মাছ বাজার সংলগ্ন একটি ড্রেন ভেঙ্গে গেছে যা পানি নিস্কাশনের জন্য প্রতিবন্ধকতা সৃষ্টি করছে বিধায় ড্রেনটি মেরামতের জন্য প্রস্তাব করেন। এছাড়াও আগামী মাসে মাছের পোনা বিতরণ করা হবে। আশ্রয়ন সংলগ্ন পুকুর গুলিতে মাছের পোনা অবমুক্তির বিষয়ে অগ্রাধীকার প্রদান করা হবে। এবিষয়ে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধসহ তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার |
| | প্রাণি সম্পদ অধিদপ্তর | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় গবাদি ও বিভিন্ন পশু পাখির রোগ এবং প্রতিকার বিষয়ে তাঁর দপ্তর কর্তৃক কয়েকটি নির্ধারিত স্থানে ভ্যাকসিন ও অন্যান্য সেবা প্রদান কার্যক্রম চলমান আছে । | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হলো না। | ০১.পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে অত্র উপজেলায় ভিক্ষুক পুনর্বাসনের লক্ষ্যে ২,০০,০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। এবিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতার জন্য অনুরোধ জানান। এছাড়াও ২০২২-২৩ অর্থবছর থেকে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় শুধু মাত্র প্রতিবন্ধি ভাতা প্রদানের লক্ষ্যে প্রতিবন্ধিদের সকল তথ্যাদি অনলাইনে ডাটা এন্টির কাজ শতভাগ সম্পন্ন করা হয়েছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত ৫ থেকে ১১ বছর বয়সের সকল শিশুকে কোভিট/১৯ এর টিকা প্রদানের নিবন্ধন কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে। এছাড়াও তিনি জানান যে, প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংযোগ সড়কের প্রস্তাব করেন। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয় | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে VWB এর বরাদ্দ পাওয়া গেছে বিধি মোতাবেক ডিও জারী করা হয়েছে। এছাড়াও দরিদ্র মায়েদের জন্য মাতৃত্বকাল ভাতা, উপজেলা ল্যাকটেটিং মাদার সহায়তা কার্যক্রম, বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমসহ, বাল্য বিবাহ,আত্মহত্যা, নারী নির্যাতন, যৌতুক, ইভটিজিং, মাদক, মানব পাচার রোধে বিভিন্ন ধরণের সচেতনতা মূলক কার্যক্রম চলমান রয়েছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে ঋণ গ্রহীতাদের মধ্যে বিভিন্ন মেয়াদি ঋণ বিতরণ কার্যক্রম চলমান আছে এবং ঋণ আদায়ের হার সন্তোসজনক আছে। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয় | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| স্থানীয় সরকার বিভাগ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ অনুযায়ী প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয় | উপজেলা প্রকৌশলী |
| | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে,তাঁর সংশ্লিষ্ট পরিষদ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে,যা গত মাসিক সভায় আলোচিত ও সিদ্ধান্ত গৃহীত হয়। বিধি মোতাবেক পরবর্তী সংশ্লিষ্ট কমিটির সভা আহবান করা হবে। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক সংশ্লিষ্ট কমিটির সভা আহবান করার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী |
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| | সমবায় অধিদপ্তর | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | ফরেস্টার/ ডেপুটি রেঞ্জ | ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হলো না। | ০১.পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ফরেষ্ট রেঞ্জার |
| শিক্ষা মন্ত্রণালয় | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর সংশ্লিষ্ট পরিষদ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে, যা গত মাসিক সভায় আলোচিত ও সিদ্ধান্ত গৃহীত হয়। বিধি মোতাবেক পরবর্তী সংশ্লিষ্ট কমিটির সভা আহবান করা হবে। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক সংশ্লিষ্ট কমিটির সভা আহবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| হস্তান্তরিত দপ্তর ব্যতীত অন্যান্য দপ্তর | খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | | |
|---|---|---|---|---|
| কৃষি মন্ত্রণালয় | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্র সেচ) বিএডিসি | উপ-সহকারী প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হলো না। | ০১.পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) বিএডিসি |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | উপজেলা দারিদ্র বিমোচন দপ্তর | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরাধীন ঋণ কার্যক্রমের আওতায় অত্র উপজেলায় বিভিন্ন ঋণ গ্রহীতার মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার সন্তোসজনক। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেনট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, ৪র্থ রাউন্ডের অবকাঠামো উপ-প্রকল্প সমূহ অতিদ্রুত বাস্তবায়ন করে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানান। এছাড়াও অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষযে দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ |
| মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | তথ্য প্রকল্প | উপজেলা তথ্য আপা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হলো না। | ০১.পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা তথ্য আপা |
| | উপজেলা সাব রেজিষ্টার দপ্তর | উপজেলা সাব রেজিষ্ট্রার সভায় তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সাব রেজিষ্ট্রার |
| | উপজেলা আবাসিক প্রকৌশলী দপ্তর | আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো) তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো) |
| | উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হলো না। | ০১.পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার |
| | উপজেলা ফায়ার সার্ভিস | স্টেশন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমানসহ যেকোনো দুর্যোগে তারা সদা প্রস্তুত। ফায়ার সার্ভিসের মোবাইল নং সংরক্ষন করার জন্য অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | স্টেশন অফিসার |
| | উপজেলা আনসার ভিডিপি | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় আলোচনা করা সম্ভব হলো না। | ০১.পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পাট অধিদপ্তর | উপজেলা পাট অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পাট অফিসার |
| | কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি | এজিএম, কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, অত্র উপজেলার চলতি মাসে সিস্টেম লসের তার্গেট ১০.০৫ মেগাওয়াট অর্জন ৮.৫০ মেগাওয়াট বিদ্যুৎ বিক্রয় ১,৩৯,১৪,৯১৭/- আদায় ১,৮৬,৭১,৬৮৭/- অভিযোগ মোট ৮১ টি যা শতভাগ নিষ্পত্তি করা হয়েছে। নতুন মোট ৮৯ টি মিটার সংযোগ প্রদান করা হয়েছে। সাম্প্রতিক সময়ে জ্বালানী ও গ্যাস সংকটের কারণে লোড সেডিং এর মাত্রা কিছুটা বৃদ্ধি পেয়েছে এবিষয়ে সকলকে ধর্যধারন করতে হবে এবং বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়াসহ তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ করা হয়। | এজিএম, কোটচাঁদপুর সাব-জোনাল অফিস |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান | সাফদারপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, আসন্ন দুর্গাপূজা উপলক্ষ্যে আইনশৃঙ্খলা বিনষ্ট যাতে না হয় এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও তাঁর ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিয়ষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ কার হয়। | অফিসার ইনচার্য |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | দোড়া ইউনিয়ন চেয়ারম্যান | দোড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, শ্রীরামপুর হতে হরিন্দিয়া মামুনসিয়া অভিমুখে যে পিচ রাস্তাটি আছে তা দীর্ঘদিন সংস্কার না করার কারণে ব্যবহারের অনুপযোগি হয়ে পড়েছে। এমতাবস্থায় উক্ত রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিয়ষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ কার হয়। | উপজেলা প্রকৌশলী |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | কুশনা ইউনিয়ন চেয়ারম্যান | কুশনা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নে সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | বলুহর ইউনিয়ন চেয়ারম্যান | বলুহর ইউনিয়ন চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নে সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.বিস্তারিত আলোচনান্তে সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান | এলাঙ্গী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নে সার্বিক কার্যক্রম চলমান আছে। | ০১.সার্বিক কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | প্যানেল মেয়র কোটচাঁদপুর পৌরসভা | প্যানেল মেয়র সভায় জানান যে, কোটচাঁদপুর মাছ বাজার সংলগ্ন একটি ড্রেন ভেঙ্গে পড়েছে যার ফলে পানি নিস্কাশনের চরম সমস্যা হচ্ছে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদ কমিটি অনুযায়ী নিয়মিত সভা আহবান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, মহিলা ও নারী উন্নয়ন বিষয়ক পরিষদ কমিটি কর্তৃক গৃহীত প্রস্তাবটির বিষয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ |
| স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | উপজেলা চেয়ারম্যান | উপজেলা চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ের সীমানা প্রাচীর এর বাকী কাজসহ অন্যান্য কাজ করার জন্য উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প গ্রহণ করার জন্য প্রস্তাব করেন। এছাড়াও উপজেলা আবাসিক ভবনে বসবাসরত কর্মকর্তা/কর্মচারী নিয়মিত বাসা ভাড়া পরিষোধ করার জন্য অনুরোধ জানান। | ০১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| বিবিধ | উপজেলা পরিষদ কার্যালয় | আগষ্ট/২০২২ মাসে উপজেলা চেয়ারম্যানের মাসিক সম্মানী ও বাড়ী ভাড়া বাবদ ৪৫,০০০/- (পয়ঁতাল্লিশ হাজার) টাকা, ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী বাবদ ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী বাবদ ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা, আপ্যায়ন, আনুষঙ্গিক ও ইন্টারনেট বিল বাবদ খরচ ৩৫,৮৭৫/- (পয়ঁত্রিশ হাজার আটশত পচাঁত্তর) টাকা, মালির মাসিক বেতন ভাতা বাবদ ১৬,৫০০/- (ষলো হাজার পাঁচশত) টাকা, পরিছন্নতাকর্মীর মাসিক বেতন ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা, উপজেলা পরিষদের জন্য সার্ভিস তার ক্রয় বাবদ ৭,৭১৪/-(সাত হাজার সাতশত চৌদ্দ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করা হয়েছে যা পরিষদ কর্তৃক অনুমোদনের প্রয়োজন। | ১.বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদন করা হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোছাঃ শরিফুন্নেছা (মিকি)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোটচাঁদপুর, ঝিনাইদহ
ফোন ঃ ০৪৫২৪-৬৫২৭৭
ই-মেইল-chairman.upz.kot.jhe@gmail.com

স্মারক নং-০৫.৪৪.৪৪৪২.০০০.০৪.০০২.২২- (৪০) তারিখ- ০৮/০৯/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১. মাননীয় সংসদ সদস্য, ৮৩-ঝিনাইদহ ৩।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৫. মেয়র, কোটচাঁদপুর পৌরসভা, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৮. উপজেলা ..........................................কর্মকর্তা কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৯. চেয়ারম্যান, সাফদারপুর/দোড়া/কুশনা/বলুহর/এলাঙ্গী ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১০. জনাব ........................................................................................ কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১১. উপজেলা সহকারী প্রগ্রামার, কোটচাঁদপুর, ঝিনাইদহ (কার্যবিবরণী ওয়েব পোর্টালে প্রকাশে অনুরোধসহ)

(মোঃ দেলোয়ার হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কোটচাঁদপুর, ঝিনাইদহ।
ফোন ঃ ০৪৫২৪-৬৫০০১,০১৩২৪১৩৪৮১০
ই-মেইল-unokotchandpur@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট- "ক")

| ক্রমিক নং | সদস্যগণের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ শরিফুন্নেছা (মিকি), চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০২ | মোঃ রিয়াজ হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব, পিংকী খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ০৪ | প্যানেল মেয়র, কোটচাঁদপুর পৌরসভা, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, সাফদারপুর ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, দোড়া ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, কুশনা ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, বলুহর ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, এলাঙ্গী ইউপি চেয়ারম্যান, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১০ | সুচিত্রা মালাকার, সংরক্ষিত সদস্য-০১, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ১১ | নাছরিন আক্তার, সংরক্ষিত সদস্য-০২, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |

০১. সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট- "খ")

| | | |
|---|---|---|
| ০১ | | |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ (পরিশিষ্ট- "গ")

| ক্রমিক নং | উপস্থিত কর্মকর্তাবৃন্দ | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৩ | উপজেলা প্রকৌশলী, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৫ | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কোটচাদঁপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |

| | | |
|---|---|---|
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা সমবায় অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা দারিদ্য বিমোচন কর্মকর্তা, কোটচাঁদপুর, ঝিনাইদহ | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা তথ্য আপা, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৮ | ইউডিএফ, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা ক্ষুদ্র সেচ (বিএডিসি) , কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২০ | আবাসিক প্রকৌশলী, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা সাব রেজিষ্টার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২২ | ফায়ার সার্ভিস স্টেশন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা পাট অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | স্বাক্ষরিত |
| ২৪ | পল্লী বিদ্যুৎ অফিসার, কোটচাঁদপুর,ঝিনাইদহ। | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (পরিশিষ্ট- "ঘ")

| | | |
|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশল(জনস্বাস্থ্য), কোটচাঁদপুর, ঝিনাইদহ। | |
| ০২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ | |
| ০৩ | ফরেষ্ট রেঞ্জার, সামাজিক বনায়ন কেন্দ্র, কোটচাঁদপুর, ঝিনাইদহ | |
| ০৪ | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ | |
| ০৫ | উপজেলা নির্বাচন অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | |

সভায় অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (অনুমতিক্রমে) (পরিশিষ্ট- "ঙ")

| | | |
|---|---|---|
| ০১ | | |

সভায় অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (অনুমতি ব্যতীত) (পরিশিষ্ট- "চ")

| | | |
|---|---|---|
| ০১ | | |